

## সতর্কীকরণ বিজ্ঞপ্তি

বেনাপোল অঞ্চলে ক্রমবর্ধমান বিদ্যুতের চাহিদা মেটানোর লক্ষ্যে ৩১ কি.মি. দীর্ঘ যশোর থেকে বেনাপোল পর্যন্ত ১৩২ কেভি ডাবল সার্কিট সঞ্চালন লাইন নির্মাণ কাজ শেষ করা হয়েছে। লাইনটি আগামী ১৩ মে ২০১৯, সোমবার, সকাল ১০:০০ ঘটিকায় ১,৩২,০০০ ভোল্টেজ দিয়ে যশোর ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র হতে চালু করা হবে। চালুর পর হতে লাইনটি হাই ভোল্টেজে বিদ্যুতায়িত থাকবে। নবনির্মিত লাইনটি যশোর সদর উপজেলার (চাঁচড়া, বাটুরিয়া, পুলেরহাট, মাইদিয়া, বড় মেঘলা ছোট মেঘলা, লাইজানি, রূপদিয়া, কারিচা, সারাপোল, টেনটুলিয়া) ঝিকরগাছা উপজেলার (শ্রীরামপুর, লাউজানি, হারিয়াদিয়ারা, সাগরপুর, বাউদিয়া, মালিকপুর, ঝিকরগাছা, কির্তিপুর, জাফরনগর, ফতেহপুর, বারবাকপুর, কামারপাড়া, কুদরামাটিকোমড়া, আন্দলপোতা, উত্তরদেউলি, নাভারণ) এবং শার্শা উপজেলার (বুরুজবাগান, ত্রিমোহনী, নাভারণ, কাগজপুকুর, সামলাগাছি) মৌজার উপর দিয়ে অতিক্রম করেছে।

দূর্ঘটনা এড়াতে জনসাধারণকে উক্ত সঞ্চালন লাইনের টাওয়ারে আরোহন, গবাদি পশু বাঁধা, টাওয়ারে রশি বেঁধে কাপড় শুকানো, লাইনের নিচে ও পাশে বাঁশঝাড় ও বড় বৃক্ষাদি রোপণ প্রভৃতি ঝুঁকিপূর্ণ কাজ হতে বিরত থাকতে অনুরোধ করা যাচ্ছে। একইসঙ্গে সকলকে ১৩২ কেভি লাইন হতে নিরাপদ দূরত্বে (উভয়পার্শ্বে ১৫ মিটার) থাকতে অনুরোধ করা হচ্ছে। কেউ হাই ভোল্টেজে বিদ্যুতায়িত সঞ্চালন লাইন বা টাওয়ারের সংস্পর্শে এসে দূর্ঘটনার শিকার হলে পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ দায়ী থাকবে না।

প্রদীপ কুমার সূত্রধর

প্রকল্প পরিচালক (অতিঃ দায়িত্ব), এনপিটিএনডি প্রকল্প, পিজিসিবি